০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel 9144252-3, Fax 9180968 E-mail info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

নং-২১.৩৫১.০২৫.০৭.০০.২৭২.২০১১-৬৮ তারিখঃ ১৪/০১/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ মেসার্স এসোসিয়েটস বিল্ডার্স, নয়াটুলা, মিরবাগ, মগবাজার, ঢাকা এর দরপত্রে অংশ গ্রহণে যোগ্যতা বিবেচনা প্রসংগে।

সূত্রঃ এলজিইডি/নিঃপ্রকৌঃ/ময়/২০১৪/৩২০২; তারিখঃ ৩০/১১/২০১৪ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিআর, ২০০৮ এর ৪৮ বিধিতে ব্যক্তির যোগ্যতা'র বর্ণনা রয়েছে। এখানে "ব্যক্তি" বলতে পিপিএ, ২০০৬ এর ২(২৩) ধারার বর্ণনায় ক্রয় কর্মকান্ডে অংশ গ্রহণে আগ্রহী ব্যক্তি, ব্যক্তিবর্গ, ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, কোম্পানী, সংঘ, সমবায় সমিতিকে বুঝায়।

২। দরপত্র মূল্যায়নের সময় Tender Document-এর ITT-এর Document establishing the tenderer's qualification clause এর আওতায় চাহিত Document আবশ্যিকভাবে বিবেচনারযোগ্য।

৩। আলোচ্য ক্ষেত্রে মেসার্স এসোসিয়েটস বিল্ডার্স প্রতিষ্ঠানটির General Experience, Specific experience, Construction turnover সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটির বিপরীতে বিবেচনাযোগ্য হবে মর্মে সিপিটিইউ মনে করে।

Anwar 15/1/2015

(মোঃ রূপম আনোয়ার)
উপ-পরিচালক (উপসচিব)
ফোনঃ ৯১৪৪২৫১
dd2@cptu.gov.bd

নির্বাহী প্রকৌশলী
এলজিইডি
ময়মনসিংহ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩। অফিস কপি।

১৪/০১/১৫

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
ময়মনসিংহ ।
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/নিঃপ্রকৌঃ/ময়/২০১৪/৬২০২ তারিখঃ৩০/১১/১৪ইং

প্রতি ঃ

মহা পরিচালক
সিপিটিইউ,আইএমইডি
ব্লক-১৩, শেরেবাংলানগর
ঢাকা-১২০৭।

বিষয়ঃ মেসার্স এসোসিয়েটস বিল্ডার্স,প্রোঃ মোঃ আনোয়ার হোসেন,১/জি-১০,নয়াটুলা,মিরবাগ,মগবাজার,ঢাকা এর ব্যক্তি যোগ্যতা বিবেচনায় দরপত্রে অংশ গ্রহন প্রসংগে।

সূত্র ঃ স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩(অংশ-১)/২০১০/৫০১, তারিখ ঃ২০-১১-২০১৪ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এলজিইডি,ময়মনসিংহ এর আওতায় মেসার্স এসোসিয়েটস বিল্ডার্স নামে ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানটি গত ২৮-১০-২০১৪ইং তারিখে দরপত্রে অংশ গ্রহন করেন। উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধীকারী মোঃ আনোয়ার হোসেন গত ২৫-১১-২০১৩ইং তারিখে মৃত্যুবরন করেন। তৎপ্রেক্ষিতে তার উত্তরাধিকারীর মাধ্যমে তার সহোদর ভাই মোঃ জাহাঙ্গীর হোসেন প্রতিষ্ঠানটির কার্যক্রম পরিচালনা করছেন এবং ২৮-১০-২০১৪ইং তারিখে দরপত্রে অংশ গ্রহন করেন। এমতাবস্থায় ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীর মৃত্যুতে বা অন্য কোন ভাবে মালিকানা পরিবর্তনের ক্ষেত্রে দরপত্র অংশগ্রহন করতে পারবে কি না, যদি দরপত্রে অংশগ্রহন করেন সেক্ষেত্রে মালিকানাধীন প্রতিষ্ঠানের পূর্বতন স্বত্ত্বাধিকারীর যোগ্যতা সমূহ (General experience, Specific experience, Construction turnover) দরপত্র মূল্যায়নে কিভাবে বিবেচনা করা হবে সে ব্যপারে সদয় নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে সবিনয়ে অনুরোধ জানানো হলো।

সংযুক্ত ঃ মালিকানা পরিবর্তনের যাবতীয় কাগজপত্র ।

(স্বাক্ষর) ৩০/১১/১৪
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি,ময়মনসিংহ।
xen.mymensingh@lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/নিঃপ্রকৌঃ/ময়/২০১৪/৬২০২/১(২) তারিখঃ ৩০/১১/১৪ইং

অনুলিপি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,এলজিইডি ভবন,আগারগাঁও শেরেবাংলানগর,ঢাকা-১২০৭।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল,ময়মনসিংহ।

(স্বাক্ষর) ৩০/১১/১৪
নির্বাহী প্রকৌশলী
এলজিইডি,ময়মনসিংহ।

general letter-1